

“ছেলে হোক, মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা অফিস
মির্জাগঞ্জ, পটুয়াখালী।
www.fpo.mirzaganj.patuakhali.gov.bd

স্মারক নম্বর - ৫৯.১১.৭৮৭৬.০০৯.০০১.২৭.০০০১.২৫-

তারিখঃ ২৪ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয় : কৈফিয়ত তলব।

বর্ণিত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনি মির্জাগঞ্জ ইউনিয়নে ২/ক ইউনিটে পরিবার কল্যাণ সহকারী হিসেবে কর্মরত আছেন।

গত ০৭/০৩/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ, রোজ : শনিবার নির্ধারিত অফিস সময়সূচীর দিনে কোন ধরণের ছুটি গ্রহন ব্যতিরেকে বা উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহতি ব্যতিরেকে আপনি আপনার কর্ম এলাকা ঘটকের আন্দুয়া কমিউনিটি ক্লিনিকে অনুপস্থিত ছিলেন। তাছাড়া বিগত ০৪(চার) মাস যাবৎ কমিউনিটি ক্লিনিক এ রক্ষিত হাজিরা খাতায় আপনার উপস্থিতির স্বাক্ষর নেই। এতে এই মর্মে প্রতীয়মান হয় যে, আপনি বিনামূল্যে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং আপনার উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করেন না। বর্ণিত বিষয়াবলী বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারিত হয়েছে। এছাড়া মির্জাগঞ্জ ইউনিয়নের পরিবার পরিকল্পনা পরিদর্শকও বিষয়টি নিম্নস্বাক্ষরকারীকে লিখিতভাবে অবহিত করেছেন।

বর্ণিত ঘটনাবলী অনভিশ্রেত, অনাকাঙ্ক্ষিত, বিভাগীয় কাজে চরম শৈথিল্য, চাকুরী বিধির সুস্পষ্ট লংঘন এবং শৃঙ্খলা পরিপন্থি মর্মে নিম্নস্বাক্ষরকারীর কাছে প্রতীয়মান হয়। এতে বিভাগীয় ভাবমূর্তিও চরম ভাবে ক্ষুন্ন হচ্ছে।

এমতাবস্থায়, আপনার অননুমোদিত অনুপস্থিতির এবং দায়িত্ব কর্তব্য সঠিকভাবে পালন না করার কারণে কেন বিধি মোতাবেক আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ সমীপে সুপারিশ করা হবে না তার সন্তোষজনক জবাব আপনার ইউনিয়নের পরিবার পরিকল্পনা পরিদর্শক এর সুস্পষ্ট মতামত সহ অত্র পত্র প্রাপ্তির ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হল।

স্বঃ

(ডাঃ সৈয়দ মো: নেছার আলী)

বিসিএস (পরিবার পরিকল্পনা) [কারিগরী মেডিকেল]

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অ: দা:)

মির্জাগঞ্জ, পটুয়াখালী।

ফোনঃ ০২৪৭৮৮৮২২২৭

জনাব মোসা: ঝরণা বেগম
পরিবার কল্যাণ সহকারী
২/ক ইউনিট, মির্জাগঞ্জ ইউনিয়ন,
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

স্মারক নম্বর - ৫৯.১১.৭৮৭৬.০০৯.০০১.২৭.০০০১.২৫- ৪২/১ (২)

তারিখঃ ২৪ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি / অবগতির জন্য জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

- ০১। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী।
- ০২। প্রশাসক, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৪। মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৫। সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি), মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৬। চেয়ারম্যান/প্রশাসক, মির্জাগঞ্জ ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৭। পরিবার পরিকল্পনা পরিদর্শক, মির্জাগঞ্জ ইউনিয়ন, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৮। জনাব মো: জিয়াউর রহমান, প্রতিনিধি, খবর বাংলাদেশ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

(ডাঃ সৈয়দ মো: নেছার আলী)

বিসিএস (পরিবার পরিকল্পনা) [কারিগরী মেডিকেল]

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অ: দা:)

মির্জাগঞ্জ, পটুয়াখালী।

ফোনঃ ০২৪৭৮৮৮২২২৭